Click here to download the Press Notice



নং-ডি.আর.আই/১২/২০১৫ তারিখঃ ২.১২.২০১৫

প্রেস বিজ্ঞপ্তি

বঙ্গবন্ধু তনয়া মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে বাংলাদেশ বিশ্বে একটি উন্নত সমৃদ্ধ দেশ ও জাতি হিসেবে রূপান্তর হতে চলেছে- চ.বি. উপাচার্য ।

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য আন্তর্জাতিক খ্যাতি সম্পন্ন সমাজ বিজ্ঞানী প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী বলেছেন, মহাকালের মহানায়ক স্বাধীন বাংলাদেশের স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি ক্ষুধা-দারিদ্রমুক্ত, অসাম্প্রদায়িক ও গণতান্ত্রিক বাংলাদেশ বিনির্মাণের স্বপ্ন নিয়ে ১৯৭১ এ মহান মুক্তিযুদ্ধের মাধ্যমে বিশ্ব মানচিত্রে প্রতিষ্ঠা করেছেন স্বাধীন সার্বভৌম বাংলাদেশ । বঙ্গবন্ধু তনয়া দেশ ও জাতির অহংকার মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার সুযোগ্য ও গতিশীল নেতৃত্বে বিশ্বে বাংলাদেশ আজ উন্নয়নের রোল মডেল হিসেবে স্বীকৃত । এ উন্নয়ন ও অগ্রগতির ধারাবাহিকতা অব্যাহত রাখতে সকলকে সর্বোচ্চ সততা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে স্ব স্ব অবস্থানে দায়িত্ব পালনে নিবেদিত হতে হবে । মাননীয় উপাচার্য আজ ২ ডিসেম্বর ২০১৫ তারিখ সকাল ৮ টায় উপাচার্য দপ্তরের সভা কক্ষে গতকাল রাজধানীর শেরেবাংলা নগরের এনইসি সম্মেলন কক্ষে মাননীয় প্রধানমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত একনেক সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)-এর ব্যয় ২৯৭৫০.০০ লক্ষ টাকা অনুমোদনের জন্য আয়োজিত দোয়া মাহফিলের প্রাক্কালে তাঁর এক সংক্ষিপ্ত ভাষণে এসব কথা বলেন । মাননীয় উপাচার্য মহান সৃষ্টিকর্তার দরবারে শোকরিয়া আদায় করেন এবং এ প্রকল্পের কাজ অত্যন্ত সুষ্ঠু ও স্বচ্ছতার সাথে সম্পাদনের বিষয়ে সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করেন । তিনি মাননীয় প্রধানমন্ত্রীর দীর্ঘায়ু, সুস্বাস্থ্য ও সার্বিক সফলতা কামনা করেন । তিনি চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে পঠন-পাঠন, উচ্চ শিক্ষা ও গবেষণা এবং সহশিক্ষা কার্যক্রম সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠিত হওয়ার মাধ্যমে এ বিশ্ববিদ্যালয়কে একটি বিশ্ব মানের ক্যাম্পাসে রূপান্তর করার তাঁর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন । উল্লেখ্য, এ প্রকল্পগুলো হচ্ছে-কলা ও জীব বিজ্ঞান অনুষদের শিক্ষক ও শিক্ষার্থীদের জন্য একাডেমিক ও ভৌত অবকাঠামোগত সুবিধা বৃদ্ধি করা, শিক্ষক ও শিক্ষার্থীদের উচ্চতর গবেষণা প্রশিক্ষণ সুবিধা বৃদ্ধি করা, ৭৫০ জন ছাত্রী ও ৭৫০ জন ছাত্রের আবাসিক সুবিধা সৃষ্টি করা, ছাত্র ও ছাত্রী হলের প্রভোস্ট ও হাউজ টিউটরদের আবাসিক সুবিধা সৃষ্টি করা এবং নতুন একাডেমিক ভবন ও হলের জন্য আসবাবপত্র সরবরাহ করা ।

একনেক সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের একাডেমিক ও ভৌত অবকাঠামোগত উন্নয়ন প্রকল্প (২য় সংশোধিত)-এর ব্যয় ২৯৭৫০.০০ লক্ষ টাকা অনুমোদনের জন্য চ.বি. উপাচার্য দপ্তরে অনুষ্ঠিত দোয়া মাহফিলে চ.বি. মাননীয় উপাচার্য প্রফেসর ড. ইফতেখার উদ্দিন চৌধুরী সহ অন্যান্যরা ।



এ প্রকল্পসমূহ অনুমোদিত হওয়ায় সকাল ৭.৩০ টা থেকে উপাচার্য দপ্তরে কোরআন খতম ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয় । পরে দেশ ও জাতির কল্যাণ, শান্তি ও সমৃদ্ধি কামনা, জাতির জনক বঙ্গবন্ধু এবং তাঁর পরিবারের শাহাদাৎ বরণকারী সদস্যদের ও মহান মুক্তিযুদ্ধে বীর শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে বিশেষ মুনাজাত পরিচালনা করেন কেন্দ্রীয় মসজিদের খতিব হাফেজ আবু দাউদ মুহাম্মদ মামুন । অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের অনুষদ সমূহের ডিনবৃন্দ, শিক্ষক সমিতি সভাপতি সহ অন্যান্য নেতৃবৃন্দ, রেজিস্ট্রার, হলের প্রভোস্টবৃন্দ, চীফ ইঞ্জিনিয়ার, অফিসার সমিতি, কর্মচারি সমিতি ও কর্মচারি ইউনিয়নের নেতৃবৃন্দ এবং বিভিন্ন অফিস প্রধানবৃন্দ উপস্থিত ছিলেন ।

স্বাঃ
ডেপুটি রেজিস্ট্রার (তথ্য)
রেজিস্ট্রার অফিস, চ.বি. ।

অনুগ্রহ পূর্বক প্রচারের নিমিত্তে অনুলিপি প্রেরিত হলোঃ-
১ । ব্যুরো প্রধান/বার্তা সম্পাদক, দৈনিক ....ঢাকা/চট্টগ্রাম ।

ডেপুটি রেজিস্ট্রার (তথ্য)
রেজিস্ট্রার,অফিস,চ.বি ।